

তারিখ: 30 JUN 2019...
খ্রীঃ ১৪৪১... কলাম: ১

মতলবে বাউবির এসএসসি পরীক্ষায় নকলের মহোৎসব

মতলব (চাঁদপুর) সংবাদদাতা

মতলব উপজেলার হেংগারচর মডেল উচ্চ বিদ্যালয় কেন্দ্রে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি পরীক্ষায় নকলের মহোৎসব চলছে। শুক্রবার ওই কেন্দ্রে গিয়ে দেখা যায়, প্রতিটি পরীক্ষার্থীর কাছে পরীক্ষার গাইড বই ও বাড়ি থেকে নিয়ে আসা

নকলের ছড়াছড়ি। কেন্দ্রের প্রতিটি কক্ষে এ দৃশ্য দেখা গেছে। কেউ বইয়ের পাতা ছিঁড়তে, কেউবা প্রশ্নের উত্তর খুঁজতে, আবার অনেকেই গাইড বই বের করে প্রশ্নের উত্তর লিখছে। প্রশাসন থেকেও যেন নেই। সরকার যেখানে সম্পূর্ণ নকলমুক্তভাবে পরীক্ষা গ্রহণের নানা চেষ্টা করছে সেখানে নিয়ম-বহির্ভূতভাবে পরীক্ষা কেন্দ্রে সচিব ও পরীক্ষার হলের দায়িত্বে থাকা শিক্ষকরা সরকারের নির্দেশ উপেক্ষা করে এ ধরনের নকলে সহযোগিতা করছেন। এ ব্যাপারে পরীক্ষার উপজেলার প্রধান সমন্বয়ক ও পরীক্ষা কেন্দ্রের সচিব গোলাম সারওয়ার বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি পরীক্ষায় নকল চমটা স্বাভাবিক। এই পরীক্ষায় যারা অংশ নেয় তারা কেউ বয়স্ক, কেউবা চাকরির জন্য সার্টিফিকেট, আবার কেউ বিয়ে-শাদীর জন্য এই পরীক্ষায় অংশগ্রহণ করে। তাই তাদের বড়াডাবে পরীক্ষা নেয়া হয় না। তিনি আরো জানান, ওপেন মানে খোলামেলা পরীক্ষা। এখানে ধরাবাধার নিয়ম নেই। উল্লেখ্য, শুক্রবার এ কেন্দ্রে চলতি বছরের বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। এদিন প্রথম বর্ষের বাংলা প্রথম পত্র ও বিকালে দ্বিতীয় বর্ষের ছিল দ্বিতীয় পত্রের পরীক্ষা ছিল। কেন্দ্রের পাঁচটি কক্ষে মোট ২০৪ জন পরীক্ষার্থী অংশ নেয়।



মতলবে বাউবির এসএসসি পরীক্ষায় বই দেখে লিখছে পরীক্ষার্থীরা

-তোকাস বাংলা